# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৪১

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: Seminar on Introducing Green Bond in Bangladesh

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একটি গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) এর উদ্যোগে সিকিউরিটিজ কমিশন ভবনে Introducing Green Bond in Bangladesh শীর্ষক একটি সেমিনার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর মহা-পরিচালক মাহবুবুল আলম। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালক ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর অতিরিক্ত মহা-পরিচালক মোহাম্মদ রেজাউল করিম। মূল প্রবন্ধে গ্রীন বন্ড সম্পর্কে সার্বিক ধারণা প্রদান করা হয় এবং বাংলাদেশের প্রেক্ষাপটে গ্রীন বন্ডের সম্ভাবনা ও প্রতিবন্ধকতাসমূহ নিয়ে আলোচনা করা হয়।

উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম। প্রধান অথিতি তাঁর বক্তব্যে দেশের জলবায়ু ও পরিবেশবান্ধব বিভিন্ন প্রকল্পে অর্থায়নের উৎস হিসেবে গ্রীন বন্ডের ভূমিকার কথা এবং গ্রীন বন্ড ইস্যুর ক্ষেত্রে দক্ষ জনশক্তিসহ পর্যাপ্ত অবকাঠামোর অভাবের বিষয়ে উল্লেখ করেন। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়ন্ত্রণকারী সংস্থা, পলিসি মেকার, ইস্যুয়ার কোম্পানি, স্টক এক্সচেঞ্জ, ব্যাংক, নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট, মার্চেন্ট ব্যাংকার, এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানীজ এবং ফান্ড ম্যানেজারসহ সকল স্টেকহোল্ডারদের নিয়ে বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) নিয়মিত আরো প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। সভাপতির বক্তব্যে তিনি বলেন, টেকসই উন্নয়নের জন্য টেকসই অর্থায়ন ও বিনিয়োগ প্রয়োজন। এ ক্ষেত্রে গ্রীন বন্ড ইস্যুর মাধ্যমে পুঁজিবাজার হতে অর্থ উত্তোলনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বাংলাদেশে নবায়ন যোগ্য জ্বালানী ও এর পরিমিত ব্যবহার, গ্রীন বিল্ডিং এবং গ্রীন পরিবহন অবকাঠামোতে গ্রীন ফাইন্যান্সিং এর সম্ভাবনার কথা উল্লেখ করেন। এছাড়াও গ্রীন বন্ডসহ সামগ্রিক বন্ড মার্কেট উন্নয়নের জন্য সম্প্রতি গৃহীত কমিশনের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। এ সময় সকলের মাঝে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ ও কমিশনের কমিশনারবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারের টেকনিক্যাল সেশন পর্বে " Prospect and challenges on Introducing Green Bond in Bangladesh" এর উপর প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব অরিজিৎ চৌধুরী, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার ড. স্বপন কুমার বালা, জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (করনীতি) জনাব মোঃ আলমগীর হোসেন এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য ড. এম মোশাররফ হোসেন। এ সেশনটি পরিচালনা করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর মহা-পরিচালক মাহবুবুল আলম। এই পর্বে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, স্টক এক্সচেঞ্জ, ব্যাংক, নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট, মার্চেন্ট ব্যাংকার, এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানীজ এবং ফান্ড ম্যানেজারদের প্রতিনিধিসহ প্রায় ১৫০ জন উপস্থিত ছিলেন এবং অনেকে গ্রীন বন্ডের বিষয়ে তাদের মূল্যবান মতামত প্রদান করেন।

২০/১১/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


Seminar on
"Introducing Green Bond in Bangladesh"
Chief Guest
Mr. Md. Ashadul Islam
Senior Secretary, Financial Institutions Division, Ministry of Finance.
Chair
Dr. M. Khairul Hossain, Chairman, BSEC and BASM.


Seminar on
"Introducing Green Bond in Bangladesh"
Chief Guest
Mr. Md. Ashadul Islam
Senior Secretary, Financial Institutions Division, Ministry of Finance.
Chair
Dr. M. Khairul Hossain, Chairman, BSEC and BASM.


Seminar on
“Introducing Green Bond in Bangladesh”
Chief Guest
Mr. Md. Ashadul Islam
Senior Secretary, Financial Institutions Division, Ministry of Finance.
Chair
Dr. M. Khairul Hossain, Chairman, BSEC and BASM.


Seminar on
“Introducing Green Bond in Bangladesh”
Chief Guest
Mr. Md. Ashadul Islam
Senior Secretary, Financial Institutions Division, Ministry of Finance.
Chair
Dr. M. Khairul Hossain, Chairman, BSEC and BASM.

